# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 OCTOBER 2025 7:45—7:55 PM**

---

১) বোমা বিস্ফোরণে ক্ষতিগ্রস্ত কোকরাঝার ও সালাকাটা ষ্টেশনের মধ্য রেল চলাচল স্বাভাবিক । এই ঘটনায় আসাম পুলিশের ১ জনকে সনাক্ত ।

২) আগামীকাল থেকে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার দুদিনের বরাক উপত্যকা সফরসূচি ।

৩)শিলচরে ভূয়ো চিকিৎসক নেটওয়ার্কের মূল অভিযুক্ত গ্রেপ্তার ।

এবং

৪) আজ ভ্রাতৃদ্বিতীয়া । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেশবাসীকে শুভেচ্ছা ।

-----------------------------------------------------------------------------------

আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং আজ কোকরাঝার এবং সালাকাটা রেল ষ্টেশনের মধ্যে বোমা বিষফোরণ সংঘটিত হওয়া রেল লাইনটি পরিদর্শন করে পরিস্থিতি সরজমিনে খতিয়ে দেখেন । সঞ্চালক প্রধান ওই অঞ্চলের নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করার উদ্দশ্যে উচ্চপদস্থ আধিকারিক এবং রেলওয়ে নিরাপত্তা বাহিনীর আধিকারিদের সঙ্গেও এক বৈঠকে মিলিত হন । এর পর শ্রী সিং সাংবাদিকদের জানান যে এই ঘটনা সম্পর্কে বেশ কিছু তথ্য সংগ্রহ করা হয়েছে এবং এর ভিত্তিতে তদন্ত প্রক্রিয়া অব্যাহত রয়েছে । উল্লেখ্য যে কোকরাঝার থেকে প্রায় ৫ কিলোমিটার দূরে এই রেলপথে গত রাতে একটি শক্তিশালী আই ই ডি বিস্ফোরণের ফলে ওই রেলপথের প্রার ৩ ফুট রেলরুট ক্ষতিগ্রস্থ হয় । এই ঘটনার পরিপ্রেক্ষিতে সাময়িকভাবে ওই রেলপথে রেল চলাচল বন্ধ থাকার পর সঙ্গে সঙ্গে যুদ্ধকালীন তৎপরতায় ক্ষতিগ্রস্থ

রেলরুটের মারামতি করা সহ নিরাপত্তা ব্যবস্থা আরো শক্তিশালী করে রেল চলাচল পুনরায় শুরু করা হয় ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই ঘটনা সম্পর্কে সাংবাদিকদের কাছে প্রতিক্রিয়া প্রকাশ করে এ সম্পর্কে ১ জনকে আসাম পুলিশ সনাক্ত করেছে বলে জানান ।

---

বরাক উপত্যকার উন্নয়নে গতি আনতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগামীকাল দুদিনের বরাক উপত্যকা সফরে আসছেন ।সফরসূচীর মধ্যে রয়েছে বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন , মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণ , স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নে নতুন হাসপাতালের ভিত্তিপ্রস্থর স্থাপন ইত্যাদি ।মুখ্যমন্ত্রী আগামীকাল বেলা ১১ টায় প্রথমে রামকৃষ্ণ নগরে পৌছে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে আত্মসহায়ক গোষ্ঠির ১৮ হাজার হিতাধিকারীদের মধ্যে চেক বিতরণ করবেন । এরপর বেলা একটায় তিনি শিলচর এসে পুলিশ প্যারেড গ্রাউন্ডে মহিলা উদ্যমিতা অভিযানের দ্বিতীয় পর্যায়ের চেক বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । মুখ্যমন্ত্রী আগামীকাল বিকেল সাড়ে চারটেয় শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রস্তাবিত ২০০ শয্যার সুপার স্পেশালিটি হাসপাতালের ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন ।এরপর সন্ধ্যা ৫ টা ১৫ মিনিটে তিনি শিলচর লোকসভা কেন্দ্রের অন্তর্গত বিজেপির বুথ লেভেল সভাপতি ও শক্তিকেন্দ্রগুলির এক সভায় অংশগ্রহণ করবেন ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আগামী শনিবার সকাল ১০ টায় বিন্নাকান্দি মন্ডল বিজেপি কার্যালয় এবং ১০ টা ৪০ মিনিটে লক্ষীপুর মন্ডল বিজেপি কার্যালয় উদ্বোধন করবেন ।এরপর বেলা ১১ টা ৪৫ মিনিটে তিনি লাবক চাবাগানের মাঠে মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে চেক বিতরণ করবেন ।মুখ্যমন্ত্রী শনিবার বিকেলে গৌহাটী ফিরে যাবেন ।

---

এদিকে মুখ্যমন্ত্রী আজ মহিলা উদ্যোমিতা প্রকল্পের অধীনে বঙ্গাইগাঁও বিধানসভা এলাকার ২০ হাজার ৩শো ৮ জন স্ব-নির্ভর গোষ্ঠীর সদস্যদের মধ্যে ১০ হাজার টাকা করে আর্থিক অনুদানের চেক বিতরণ করেন । এই অভিযানের মাধ্যমে রাজ্যের ১শো ২৬টি বিধানসভা এলাকার প্রায় ৪০ লক্ষ স্ব-নির্ভর গোষ্ঠীর ৩২ লক্ষের অধিক মহিলার উদ্যোমিতা তহবিলের অর্থ লাভের ফলে গ্রামীন অর্থনীতি আরো সুদৃঢ় হবে বলেও তিনি আশা প্রকাশ করেন । কৃষি , পশুপালন , হস্ততাঁত , হস্তশিল্প ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে এই মহিলা উদ্যমীরা জীবিকার পথ প্রশস্ত করতে সক্ষম হয়েছেন বলেও মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা উল্লেখ করেন ।

---

নতুন দিল্লীতে নির্বাচন কমিশন আয়োজিত মুখ্য নির্বাচনী আধিকারিকদের দুদিনের সম্মলন আজ সমাপ্ত হয়েছে । গতকাল প্রথম দিনে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী ( এস আই আর ) নিয়ে সব রাজ্য এবং কেন্দ্রীয় শাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের দপ্তরের প্রস্তুতি খতিয়ে দেখা হয় । একই সঙ্গে রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলগুলিতে সর্বশেষ এস আই আর-এর তালিকার সঙ্গে বর্তমান ভোটার তালিকার ম্যাপিং-এর কাজে সি-ই-ওদের জন্য কমিশনের জারী করা নির্দেশ সঠিকভাবে পালিত হচ্ছে কি না বৈঠকে সে বিষয়টি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয় । জেলা নির্বাচনী আধিকারিক , নির্বাচনী নিবন্ধন আধিকারিক ( ই আর ও ) , সহকারী নির্বাচনী নিবন্ধন আধিকারিক ( এ ই আর ও ) , বুথ স্তরের আধিকারিক ( বি এল ও ) এবং বুথ স্তরের এজেন্ট ( বি এল এ )-দের নিয়োগ ও প্রশিক্ষণ নিয়ে বৈঠকে আলোচনা হয় ।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং এবং ডক্টর বিবেক যোশীও উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে তার চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন । এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৭তম পর্ব ।

বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দুরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ আই আর , ওয়েবসাইট , মোবাইল অ্যাপ , প্রধানমন্ত্রীর দপ্তর , তথ্য ও সম্প্রচারকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত প্রচারিত হবে ।

-----------------------------------------------------------------------------------

শিলচরে সম্প্রতি গ্রেপ্তার হওয়া কয়েকজন ভূয়ো চিকিৎসক নেটওয়ার্কের পেছনে থাকা মূল অভিযুক্ত মৌসুমী হাসপাতালের স্বত্বাধিকারী ডাঃ জয়ন্ত প্রসাদ দাস ( জে পি দাস ) কে গ্রেপ্তার করে আজ আদালতে তোলা হয় ।এবং অধিক তদন্তের জন্য তাকে পুলিশের জিম্মায় প্রেরণ করা হয় ।এই বিষয়ে কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাত্তা সাংবাদিকদের জানান যে অভিযুক্ত জে পি দাস নিজেই একজন ভূয়ো চিকিৎসক এবং দীর্ঘদিন ধরে শিলচর শহরে রাষ্ট্রীয় চিকিৎসা বিজ্ঞান প্রতিষ্ঠান ( এন আই এম এস ) নামের একটি অস্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান চালিয়ে আসছিলেন এবং এই প্রতিষ্ঠান থেকে এম ডি ( অলটারনেটিভ মেডিসিন ) সহ বিভিন্ন ভূয়ো চিকিৎসা বিজ্ঞানের ডিগ্রী ও প্রমাণপত্র প্রদান করা হয়েছিল যার কোন আইনী স্বীকৃতি নেই । ইতিপূর্বে গ্রেপ্তার

হওয়া ভূয়ো চিকিৎসক পুলক মালাকার সহ আরও অন্যান্য ভূয়ো চিকিৎসক এই প্রতিষ্ঠান থেকে প্রমাণপত্র লাভ করেছে বলে তিনি জানান । পুলিশ সুপার বলেন ---------বাইট

---

আজ ভ্রাতৃদ্বিতীয়া বা ভাইদুজ ।কার্তিক মাসের শুক্লপক্ষের দ্বিতীয়া তিথিতে ভ্রাতৃদ্বিতীয়া বা ভাইফোঁটা উৎসব পালিত হয় ।আজকের দিনে ভাইয়ের দীর্ঘায়ু ও মঙ্গল কামনায় বোনেরা ভাইয়ের কপালে ফোঁটা দেয় । এই উৎসবকে দেশের অন্যান্য স্থানে ভাইদুজ , ভাইটিকা বা যমদ্বিতীয়াও বলা হয়ে থাকে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভাইদুজ উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন এই উৎসব ভাই ও বোনের মধ্যে ভালোবাসা ও বিশ্বাসের প্রতীক । প্রত্যেকের জীবনে আজকের দিনটি সুখ শান্তি ও সমৃদ্ধি বয়ে আনবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---

কাছাড় জেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের পক্ষ থেকে আসন্ন ছট পূজায় শান্তি-শৃংখলা, ও নিরাপত্তা বজায় রাখতে নাগরিকদের উদ্দেশ্যে কিছু নির্দেশিকা জারী করা হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে যে ছট পূজার অনুষ্ঠান জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত ও প্রস্তুত করা ঘাটে করতে হবে । নদী বা জলাশয়ের কাছে অবস্থান করার সময় সর্তক থাকার পাশাপাশি শিশু ও প্রবীনদের সহায়তা করতে বলা হয়েছে । এছাড়া পরিবেশ বান্ধব উৎসব উদযাপনের অঙ্গ হিসেবে আর্বজনা নির্ধারিত স্থানে ফেলতে এবং প্রদীপ ও মোমবাতি নিরাপদ স্থানে রাখার পরামর্শ দেওয়া হয়েছে । জরুরী সহায়তার জন্য নাগরিকদের জেলা দূর্যোগ মোকাবিলা বাহিনীর সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে । যোগাযোগের নম্বর হচ্ছে-০৩৮৪২-২৩৯২৪৯ , ০৩৮৪২-২৩৪০০৫ এবং ৯৪০১৬-২৪১৪১ ।

---

কাছাড় জেলার লোক নির্মান বিভাগের সড়ক ডিভিশন শাখার পক্ষ থেকে জানানো হয়েছে যে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে সড়ক নির্মানের লক্ষ্যে আজ থেকে এস জি রোড থেকে ছেছরী গনিরগ্রাম পর্য্যন্ত সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে ফুল ডেপথ রিক্লেমেশন প্রযুক্তি ব্যবহার করে পরীক্ষামূলক ট্রায়াল প্যাচ টেষ্ট পরিচালিত হবে । আধুনিক এই প্রযুক্তির মাধ্যমে সড়ক মজবুত ও দীর্ঘস্থায়ী করার জন্য সড়কের উভয় অংশে যান চলাচল বন্ধ রাখা প্রয়োজন

বলে উল্লেখ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে সব যানবাহন চালক ও সাধারন পথচারীদের বিকল্প সড়ক ব্যবহার করার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর অনন্তের ব্যবস্থাপনায় আগামী ২৭শে অক্টোবর বুধুরাইল হাইস্কুল প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------

নাগাল্যান্ডে আগামী মাসে অনুষ্ঠেয় সিনিওর মহিলা আন্ত-মন্ডল টি টুয়েন্টি ট্রফীর পূর্ব মন্ডল দলে আসামের ৩ জন খেলোয়াড় স্থান লাভ করেছে । অলরাউন্ডার রশ্মী দে এবং জিন্টিমণি কলিতা মূল দলে স্থান লাভ করার বিপরিতে উইকেটকিপার খুশি শর্মাকেও অতিরিক্তভাবে এই দলে অর্ন্তভুক্ত করা হয়েছে । আসাম ক্রিকেট সংস্থা এই দলে স্থানলাভ করার জন্য নির্বাচিত খেলোয়াড়দের অভিনন্দন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------